

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৬]

পর্ব-৫: সালাত প্রসঙ্গ (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১: জামা'আতে সালাত আদায় করার ফ্যীলত

باب فضل صلاة الجماعة

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ، عَنْ أَبِي الزِّنَادِ، عَنْ الْأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: يَتَعَاقَبُونَ فِيكُمْ مَلَائِكَةٌ بِاللَّيْلِ وَمَلَائِكَةٌ بِالنَّهَارِ وَيَجْتَمِعُونَ فِي صَلَّةِ اللَّيْلِ وَمَلَائِكَةٌ بِالنَّهَارِ وَيَجْتَمِعُونَ فِي صَلَاةِ الْفَجْرِ وَصَلَاةِ الْعَصْرِ، ثُمَّ يَعْرُجُ الَّذِينَ بَاتُوا فِيكُمْ فَيَسْأَلُهُمْ وَهُوَ أَعْلَمُ بِهِمْ: كَيْفَ تَرَكْتُمُ عَبَادِي ؟ فَيَقُولُونَ: تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ وَأَتَيْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ .

تخریج دارالدعوه: صحیح البخاری/مواقیت ۱۸ (۵۵۵)، بدء الخلق ۲ (۳۲۲۳)، التوحید ۲۳ (۷۳۲۹)، ۲۳ (۷۴۸۹)، صحیح مسلم/المساجد ۳۷ (۲۳۲)، موطا امام مالک/قصرالصلاة ۲۲ (۸۲)، (تحفة الأشراف: ۱۳۸۰)، مسند احمد ۲۸۲/۲، ۲۱۳، ۲۸۳ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 486 _ صحيح

বাংলা

৪৮৫. কুতায়বাহ্ (রহ.) আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন যে, রাত ও দিনে মালায়িকাহ্ (ফেরেশতাগণ) পালাক্রমে তোমাদের কাছে আসে এবং ফজর ও 'আসরের সময় তারা একত্রিত হয়। তারপর যে সকল মালাক (ফেরেশতা) রাতে তোমাদের নিকটে ছিল তারা যখন উপরে উঠে যায় তখন আল্লাহ তাদেরকে প্রশ্ন করেন, অথচ তিনি সর্বজ্ঞ, আমার বান্দাদের তোমরা কোন অবস্থায় রেখে এসেছো? জবাবে মালায়িকাহ্ বলে থাকে, আমরা যখন চলে আসি তখন আপনার বান্দাগণ ফজরের সালাত আদায় করছিল। আমরা যখন তাদের নিকটে গমন করছিলাম তখন তারা (আসরের) সালাত আদায় করছিল।



English

21. The Virtue Of Prayer In Congregation

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: Angels come to you in succession by night and day, and they meet at Fajr prayer and 'Asr prayer. Then those who spent the night among you ascend, and He (Allah) will ask them, although He knows best: 'In what condition did you leave My slaves.' They will say: 'We left them when they were praying and we came to them when they were praying.'

ফুটনোট

সহীহ: বুখারী ৫৫৫, মুসলিম ৬৩২, যিলালুল জান্নাহ্ ৪৯১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন